**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০২৭.১৯-২৮৮

তারিখ : ১৮ ফাল্গুন ১৪২৭ / ০৩ মার্চ ২০২১

**বিষয় : আগামী ১৭ই মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।**

সূত্র: এ বিভাগের সমন্বয় ও কাউন্সি শাখার স্মারক নং-৪৯, তারিখ: ০২/০৩/২০২১খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে আগামী ১৭ই মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে অনুষ্ঠান আয়োজনের বিষয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির ১১/০২/২০২১ তারিখের ১৮০নং স্মারকের পত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৪ (চার) পাতা।


(মো: আকবর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০
Email: up1lgd@gmail.com


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি), আগারগাঁও, ঢাকা।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)------------------------উপজেলা **(তাঁর আওতাধীন সকল ইউনিয়ন পরিষদকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।**

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক (সকল)------------------------জেলা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব, সমন্বয় ও কাউন্সিল শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। চেয়ারম্যান------------------------ইউনিয়ন পরিষদ--------------------উপজেলা--------------------জেলা।
৯। অফিস কপি।

U.

৯২

স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা

বিষয়ঃ আগামী ১৭ই মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে অনুষ্ঠান আয়োজন প্রসঙ্গে।

সূত্রঃ পত্র নং- জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/১৮০, তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে দশ দিনব্যাপী বিশেষ কর্মসূচি গ্রহণের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটির পত্রটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০২(দুই) ফর্দ।

০২/০৩/২০২১

পিন্টু বেপারী
সিনিয়র সহকারি সচিব
ফোনঃ ০২-৯৫৪৫৪১৫
ই-মেইলঃ councillgd@yahoo.com
council.lgd@gmail.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপসচিব (জেলা পরিষদ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
০২। উপসচিব (উন্নয়ন-১/২), স্থানীয় সরকার বিভাগ।
০৩। উপসচিব (পাস-১/২/৩), স্থানীয় সরকার বিভাগ।
০৪। উপসচিব (পৌর-১/২), স্থানীয় সরকার বিভাগ।
০৫। উপসচিব (সি.ক.-১/২), স্থানীয় সরকার বিভাগ।
০৬। উপসচিব (উপজেলা-২), স্থানীয় সরকার বিভাগ।
০৭। সিনিয়র সহকারী সচিব (ইউপি-১/২), স্থানীয় সরকার বিভাগ।
০৮। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১), স্থানীয় সরকার বিভাগ।

{ শাখা সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ। }

ইউ.ও.নোট নং- ৪৬.০০.০০০০.০৩৮.০০১.০০২.২০-৪৯

তারিখঃ ০২/০৩/২০২১

G:\Molla\U O Note-.docx

জয় বাংলা

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন (৫ম তলা), শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং-জ:শ:উ:/জা:বা:ক:/কর্মপরিকল্পনা-০১/২০১৯/১৮০

তারিখ: ২৮ মাঘ ১৪২৭ / ১১ ফেব্রুয়ারি ২০২১

**বিষয়: আগামী ১৭ই মার্চ ২০২১ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের লক্ষ্যে অনুষ্ঠান আয়োজন।**

চলমান বৈশ্বিক মহামারির কারণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী দেশজুড়ে ভিন্ন আঙ্গিকে বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে উদ্‌যাপিত হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী মুজিববর্ষের মেয়াদ পূর্বঘোষিত ১৭ই মার্চ ২০২০ তারিখ থেকে ২৬শে মার্চ ২০২১ তারিখের পরিবর্তে ১৬ই ডিসেম্বর ২০২১ পর্যন্ত বৃদ্ধি করেছেন। জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে আগামী ১৭ই মার্চ থেকে ২৬শে মার্চ পর্যন্ত দশদিন ধারাবাহিকভাবে অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কেন্দ্রীয়ভাবে আয়োজিত দশ দিনব্যাপী অনুষ্ঠান ঢাকাস্থ জাতীয় প্যারেড স্কয়ার থেকে প্রতিদিন সরাসরি সম্প্রচার করা হবে। অনুষ্ঠানমালার মধ্যে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান/সরকার প্রধানগণের বক্তব্যসহ স্বাধীনতা ও স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধুর জীবন ও রাজনৈতিক সংগ্রাম বিষয়ে দেশি বিদেশি বিশিষ্ট জনের বক্তব্য/আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রামাণ্য চিত্র প্রদর্শনসহ বিবিধ আয়োজন থাকবে। ১৭ই মার্চ কেন্দ্রীয় অনুষ্ঠানের সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা ও অন্যান্য সরকারি দপ্তরসহ স্থানীয় প্রশাসন তাদের নিজস্ব কর্মসূচি ছাড়াও **যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক** নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ গ্রহণের বিষয়ে বিশেষভাবে বিবেচনা করতে পারে:

- ১৭ই মার্চ ২০২১ তারিখে সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে তোপধ্বনি (প্রযোজ্য ক্ষেত্রে);
- সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে ১৭ই মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন;
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাজ্ঞাপন;
- মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন;
- দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে খাবার/মিষ্টান্ন বিতরণ;
- হাসপাতাল, কারাগার, শিশু পরিবার ও এতিম খানায় মিষ্টান্ন বিতরণ ও উন্নতমানের খাবার পরিবেশন;
- মুজিববর্ষ উদ্‌যাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণ;
- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা;
- শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিজস্বভাবে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন;
- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্মরণিকা, গ্রন্থ, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করার ক্ষেত্রে উৎসাহ ও সহায়তা প্রদান;
- যে সকল জায়গায় বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত স্থান আছে সে সকল স্থানে স্থানীয় প্রশাসন কর্তৃক আলাদাভাবে অনুষ্ঠান আয়োজন;
- বিভিন্ন স্থানে স্থাপনকৃত বড় আকারের এলইডি স্ক্রিনে স্বাধীনতা ও বঙ্গবন্ধুর উপরে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, তথ্যচিত্র প্রদর্শন;
- আতশবাজির আয়োজন (প্রযোজ্য ক্ষেত্রে);

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব ২) মহাপরিচালক ৩) যুগ্মসচিব ৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন ২) নগর উন্নয়ন ৩) উন্নয়ন ৪) পানি সরবরাহ (পাস) ৫) উপজেলা অধিশাখা ৬) ইউপি অধিশাখা ৭) অডিট অধিশাখা ৮) আইন অধিশাখা
অতি:/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর........ তারিখ........
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্থানীয় সরকার
প্রাপ্তির তারিখ
নম্বর
প্রশাসন-১/২/জেপ/স ও কা
নম্বর........ তারিখ........

- মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিভিন্ন সরকারি দপ্তর ও প্রতিষ্ঠান কর্তৃক মহান স্বাধীনতার মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্ধৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ব্যবহার। উল্লেখ্য, স্ব স্ব দপ্তর ব্যানারের নিচে প্রতিষ্ঠানের নাম ও লোগো ব্যবহার করতে পারবে;
- ওয়েবসাইটে (http://www.mujib100.gov.bd) জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে পোস্টারের টেমপ্লেট দেয়া থাকবে। প্রয়োজনে কোন সংস্থা বা প্রতিষ্ঠান উক্ত পোস্টার মুদ্রণ করে অথবা ড্রপডাউন ব্যানার হিসেবে প্রস্তুতপূর্বক ব্যবহার করতে পারবে এবং সেক্ষেত্রে পোস্টারের নিচে সৌজন্য হিসাবে সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের নাম ব্যবহার করা যাবে;
- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিভিন্ন দপ্তর, সংস্থা, সামাজিক ও রাজনৈতিক সংগঠন নিজস্ব ডিজাইনে পোস্টার তৈরি করতে পারে তবে পোস্টার, ব্যানার বা ফেস্টুনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যতীত অন্য কোন ব্যক্তির ছবি ব্যবহার করা বাঞ্ছনীয় নয়;
- ওয়েবসাইটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত যেসব ভিডিও ক্লিপিংস/ফুটেজ রয়েছে সেগুলো যেকোন প্রতিষ্ঠান/সংস্থা কোনরূপ সংযোজন-বিয়োজন ছাড়া তাদের অনুষ্ঠানে ব্যবহার করতে পারবে;
- জন্মশতবার্ষিকীর কর্মসূচি বাস্তবায়ন কাজে বিভিন্ন সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি, মুক্তিযোদ্ধা, সকল স্তরের শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠন, ক্রীড়া সংস্থা, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়া, ব্যবসায়ী সংগঠন ও উদ্যোক্তাসহ সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- প্রযোজ্য ক্ষেত্রে সুবিধাজনক সময়ে স্থানীয় উদ্যোগে অন্যান্য আয়োজন;
- জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক আয়োজিত দশ দিনব্যাপী অনুষ্ঠানমালা বাংলাদেশ টেলিভিশন, বেসরকারি টেলিভিশন চ্যানেল, অনলাইন এবং সোশ্যাল মিডিয়ায় প্রতিদিন নির্দিষ্ট সময়ে সরাসরি সম্প্রচার করা হবে। বিষয়টি সকলের জানার স্বার্থে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ;
- জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরিকৃত থিম সংগীত এর ব্যবহার;
- জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে আয়োজিত বিশেষভাবে উল্লেখযোগ্য কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ ও প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ।

২। দেশের সকল বিভাগীয় ও জেলা শহর এবং সিটি কর্পোরেশনসমূহ নিজস্ব কর্মসূচি পালনের পাশাপাশি দশ দিনব্যাপী কেন্দ্রীয় অনুষ্ঠানের সঙ্গে নির্ধারিত স্থানে বিশেষ ব্যবস্থাপনায় সরাসরি যুক্ত হওয়ার ব্যবস্থা করা যেতে পারে। এ লক্ষ্যে জেলা ও সিটি কর্পোরেশনসমূহ গুরুত্বপূর্ণ স্থানে LED স্ক্রিন/প্রজেক্টরের মাধ্যমে উক্ত অনুষ্ঠান সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া উপজেলা/ইউনিয়ন পর্যায়ে প্রয়োজনে শেখ রাসেল ডিজিটাল ল্যাব, ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের সুবিধাদি ব্যবহার করে কেন্দ্রীয় অনুষ্ঠান প্রচারের ব্যবস্থা করা যাতে স্থানীয় জনগণ ইচ্ছা করলে স্বাস্থ্যবিধি মেনে কেন্দ্রীয় অনুষ্ঠান উপভোগ করতে পারে।

৩। দশ দিনব্যাপী অনুষ্ঠান এবং জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণ প্রয়োজন হলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ের নিম্নোক্ত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারে:

(১) পঙ্কজ ঘোষ, উপসচিব
মোবাইল: +৮৮০১৭১৮৩৩০২৩২

(২) দিপন দেবনাথ, প্রধান সমন্বয়কের একান্ত সচিব
মোবাইল: +৮৮০১৭৮৩৫২৫২৮৫
(৩) ইফতেখার ইউনুস, সিনিয়র সহকারী সচিব
মোবাইল: +৮৮০১৯৩৩৮২৪৮১৮
ই-মেইল: bangabandhu100@gmail.com

(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
প্রধান সমন্বয়ক
ফোন: ০২-৫৫১৩০৩২০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (বিভাগীয় প্রশাসন, জেলা প্রশাসনসহ মাঠ প্রশাসনকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের অনুরোধসহ);

২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের অনুরোধসহ)/সিনিয়র সচিব, ..................................................(সকল);

৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (অধীনস্ত দপ্তরসমূহকে দিক নির্দেশনা প্রদানের অনুরোধসহ)/সচিব, তথ্য মন্ত্রণালয় (বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)/সচিব, ......................................................................(সকল)।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
২। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা;
৪। বিভাগীয় কমিশনার ..............................................(সকল বিভাগ);
৫। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা... ... ... ... ... ... ... ... (সকল সিটি কর্পোরেশন);
৭। জেলা প্রশাসক ... ... ... ... ..... ... ... ... (সকল জেলা);
৮। উপজেলা নির্বাহী অফিসার ... ... ... ... ..... ... ... ... (সকল উপজেলা)।